গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নম্বর- ৩৮.০০৭.০৩৩.০০৪.৪৬.০০.২০১০/৪০৮

তারিখঃ ১৬ মাঘ ১৪২৫
২৯ জানুয়ারী ২০১৯

# পরিপত্র

বিষয় : মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নির্দিষ্ট সময়ে বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা উপস্থিতি সংক্রান্ত।

মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে শিক্ষক-শিক্ষিকাগণের নির্দিষ্ট সময়ে বিদ্যালয়ে উপস্থিতি এবং শিক্ষার্থীদের পাঠদানে শিক্ষকের ভূমিকা অপরিহার্য। তাই শিক্ষক-শিক্ষিকাগণের সুশৃঙ্খল ও সময়নিষ্ঠ হওয়া প্রয়োজন। এ লক্ষ্য বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়সূচি অনুযায়ী পাঠদান কার্যক্রম পরিচালনা করার জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

ক) নির্ধারিত সময়ে বিদ্যালয়ে সকল শিক্ষক-শিক্ষিকাগণকে উপস্থিত থাকতে হবে ;

খ) শিক্ষক-শিক্ষিকাগণকে বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি, কর্মস্থলে অবস্থান, হোম ভিজিট ইত্যাদি বিষয় নিশ্চিত করতে হবে;

গ) সারাদেশের প্রাথমিক বিদ্যালয়ের পাঠদানের সময়সূচি:

<table>
<tr><td rowspan="3">এক শিফটে পরিচালিত বিদ্যালয়</td><td>১ম ও ২য় শ্রেণী</td><td>সকাল ৯.১৫ মিনিট হতে দুপুর ১.১৫ মিনিট।</td></tr>
<tr><td>৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণী</td><td>সকাল ৯.১৫ মিনিট হতে বিকাল ৪.১৫ মিনিট।</td></tr>
<tr><td colspan="2">(দৈনিক সমাবেশ: সকাল ৯:০০ হতে ৯:১৫ মিনিট পর্যন্ত)</td></tr>
<tr><td rowspan="3">দুই শিফটে পরিচালিত বিদ্যালয়</td><td>১ম ও ২য় শ্রেণী</td><td>সকাল ৯.১৫ মিনিট হতে দুপুর ১২.১৫ মিনিট।</td></tr>
<tr><td>৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণী</td><td>দুপুর ১২.১৫ মিনিট হতে বিকাল ৪.১৫ মিনিট।</td></tr>
<tr><td colspan="2">দৈনিক সমাবেশ: দুপুর ১২.০০ থেকে ১২.১৫ মিনিট পর্যন্ত</td></tr>
<tr><td colspan="3">প্রাক-প্রাথমিক শ্রেণিতে পাঠদান কার্যক্রম : সকাল ৯.৩০ মিনিট হতে দুপুর ১২.০০টা পর্যন্ত (২ঘন্টা ৩০ মিনিট)</td></tr>
<tr><td colspan="3"><u>ঢাকা মহানগরীর প্রাথমিক বিদ্যালয়সমূহের পাঠদানের সময়সূচি:</u></td></tr>
<tr><td colspan="2">শীতকালীন সময়সূচি (ডিসেম্বর থেকে ফেব্রুয়ারী মাস)</td><td>সকাল ৮.০০টা হতে দুপুর ২.৪৫ মিনিট</td></tr>
<tr><td colspan="2">গ্রীষ্মকালীন সময়সূচি (মার্চ থেকে নভেম্বর মাস)</td><td>সকাল ৭.৩০ মিনিট হতে দুপুর ২.১৫ মিনিট</td></tr>
</table>

ঘ) শিক্ষক-শিক্ষিকাগণ বিদ্যালয়ের পাঠদানের সময়সূচি অনুযায়ী বিদ্যালয়ে উপস্থিত হয়ে পাঠদান কার্যক্রম পরিচালনা করবেন;

ঙ) বিদ্যালয়ের পাঠাদানের সময় শেষ না হওয়া পর্যন্ত কোন শিক্ষক-শিক্ষিকা কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত বিদ্যালয় ত্যাগ করতে পারবেন না;

চ) কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত কোন শিক্ষক বিদ্যালয়ে অনুপস্থিত বা কর্মস্থল ত্যাগ করলে তাৎক্ষণিকভাবে গণকর্মচারি (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ এবং সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

ছ) সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও বিভাগীয় উপ-পরিচালকগণ নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে শিক্ষক-শিক্ষিকাগণের উপস্থিতি ও অনুপস্থিতির বিষয়টি সঠিকভাবে মনিটরিং করবেন এবং এ বিষয়ে কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করবেন।

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৯/০১/২০১৯
(মো: আকরাম-আল-হোসেন)
সচিব

নম্বর- ৩৮.০০৭.০৩৩.০০৪.৪৬.০০.২০১০/৪০৫(১৪)

তারিখঃ ১৬ মাঘ ১৪২৫
২৯ জানুয়ারী ২০১৯

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৮. বিভাগীয় উপপরিচালক (সকল)।
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১০. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১২. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
১৩. উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা (সকল)।
১৪. অফিস নথি।

২৯/০১/১৯

(মোঃ মাহবুবুর রশীদ)
উপসচিব
ফোন- ৯৫১১০৭৩